গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
ওয়েব সাইটঃ www.techedu.gov.bd

স্মারক নং -৩৭.০৩.০০০০.০০১.১৮.২৮৭.১৬.৬৩২(১৫০) তারিখঃ ০৯ /০৮/২০১৬খ্রিঃ।

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪১ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত।
সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.২৩.০৬৬.১৬-৪০৩ তারিখঃ ০৪/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪১ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের ০২ আগষ্ট, ২০১৬ তারিখের সভার কার্যবিবরণীর ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো।

উক্ত সভার গৃহীত সিদ্ধান্ত যথাযথ ভাবে বাস্তবায়নের নিমিত্ত নির্দেশিত হয়ে অনুরোধ জানানো হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৩(তিন) পাতা।

(মোঃ মোস্তফা কামাল)
প্রশাসনিক কর্মকর্তা
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। প্রকল্প পরিচালক (STEP/১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল স্থাপন প্রকল্প/বরিশাল ইঞ্জিঃ কলেজ স্থাপন প্রকল্প), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইইউ/পিআইডব্লিউ/ভোকেশনাল) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ, ফরিদপুর/ময়মনসিংহ/সিলেট।
৪। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ তেজগাঁও, ঢাকা।
৫। অধ্যক্ষ, ..............................................পলিটেকনিক ইনস্টিটিউট.......................................।
৬। অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/সার্ভে ইনস্টিটিউট/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, তেজগাঁও/মোহাম্মদপুর, সাত মসজিদ রোড, ঢাকা/রামমালা কুমিল্লা/বগুড়া।
৭। অধ্যক্ষ, ..............................................টেকনিক্যাল স্কুল ও কলেজ, ..................................।
৮। আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ..................................।
৯। সহকারী পরিচালক (১/২/৩/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০। ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল ষ্টোর, নারায়নগঞ্জ।
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই সি টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা- ৪ (সমন্বয় ও সংসদ)

পরিচালক
| | |
|---|---|
| প্রশাসন | ✓ |
| পরিঃ ও উন্নঃ | |
| পি,আই,ইউ | |
| পি,আই,ডব্লিউ | |
| ভোকেশনাল | |
মহাপরিচালক
তারিখঃ ৮/৮/২০১৬

AD-1

APO

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এঁর ৪১তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি নির্ধারণের লক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ সোহরাব হোসাইন<br>সচিব, শিক্ষা মন্ত্রণালয় |
| তারিখ | : ০২ আগস্ট, ২০১৫ |
| সময় | : দুপুর ০১.০০ মিনিট |
| সভার স্থান | : সম্মেলন কক্ষ (কক্ষ নং- ১৮১৫)। |
| উপস্থিতি | : তালিকা সংযুক্ত |

১৮৮৬
০৯/০৮/২০১৬

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা আরম্ভ করেন। সভার শুরুতেই তিনি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। একই সাথে তিনি ১৫ আগস্ট অন্যান্য সকল শহীদদের রুহের মাগফেরাত কামনা করেন। তিনি বলেন বরাবরের ন্যায় এবারেও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এঁর ৪১তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের জন্য শিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে। অতপর সভাপতির অনুমতিক্রমে ড. অরুণা বিশ্বাস, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) বলেন যে, আগস্ট মাস শোকের মাস। আগামী ১৫ আগস্ট জাতির পিতার ৪১তম শাহাদত বার্ষিকী যথাযোগ্য মর্যাদার সাথে পালন করতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করতে হবে। তিনি দিনটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য গত ২৪ জুলাই, ২০১৬ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তমন্ত্রণালয় সভায় গৃহীত শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট সিদ্ধান্ত ও প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ২.১ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তমন্ত্রণালয় সভায় গৃহীত কর্মসূচি অনুযায়ী ১৫ আগষ্ট, ২০১৫ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর ৪১তম শাহাদত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষে শিক্ষা মন্ত্রণালয়াধীন সকল অধিদপ্তর- সংস্থা- দপ্তর এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে; | অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক- ১ ও ২, কারিগরি, মাদ্রাসা, কলেজ), সকল অধিদপ্তর- সংস্থা- দপ্তর প্রধান, সকল শিক্ষা বোর্ড এবং সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| ২.২ | শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীন অধিদপ্তর- সংস্থা- দপ্তরসমূহের পক্ষ থেকে ১৫ আগষ্ট, ২০১৬ তারিখ সকাল ০৬.৩০ মিনিটে ধানমন্ডিস্থ ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। পুষ্পস্তবক অর্পণ কার্যক্রম সুষ্ঠু, সুন্দর ও সুচারুরূপে সম্পন্ন করার জন্য মা.উ.শি. অধিদপ্তর শিক্ষা মন্ত্রণালয়ের মূল ব্যানার, পুষ্পস্তবক ও কালো ব্যাজ তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ ছাড়া, মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর- সংস্থা মন্ত্রণালয়ের সাথে তাদের নিজস্ব ব্যবস্থাপনায় পুষ্পস্তবক, ব্যানার এবং কালো ব্যাজসহ উপস্থিত থেকে পুষ্পস্তবক অর্পণ করবে। সম্মিলিতভাবে এ কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিত করতে উক্ত তারিখ সকাল ০৬.০০ মিনিটে পূর্বে সংশ্লিষ্ট সকলে কলাবাগানস্থ লাজ ফার্মার বিপরীতে একত্রিত হবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), শিক্ষা মন্ত্রণালয় এ কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সার্বিক তত্ত্বাবধান করবেন; | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সকল অধিদপ্তর- সংস্থা ও দপ্তর প্রধান |

| | | |
|---|---|---|
| ২.৩ | শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় শোক দিবস পালন কর্মসূচির অংশ হিসেবে আগামী ১৬ আগস্ট, ২০১৬ তারিখ বিকেল ০৩.০০টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জীবন ও কীর্তির উপর আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে। এ কর্মসূচি বাস্তবায়নে মা.উ.শি. অধিদপ্তর প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে; | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট |
| | বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন নিজস্ব ব্যবস্থাপনায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কীর্তির উপর সুবিধাজনক সময়ে স্মারক বক্তৃতার আয়োজন করবে। এ জন্য ইউ.জি.সি. কর্তৃপক্ষ প্রথিতযশা ব্যক্তিদের আলোচক হিসেবে আমন্ত্রণ জানানোর উদ্যোগ গ্রহণ করবে; | চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন |
| ২.৪ | দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল- কলেজ- কারিগরি) আগামী ১৫ আগস্ট, ২০১৬ তারিখ তাদের নিজস্ব ব্যবস্থাপনায় আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সংগে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ্- নাত্ প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়, তবে ঐ দিন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কোনরূপ শ্রেণি কার্যক্রম পরিচালিত হবে না। এ ছাড়া, ঐ দিনের অনুষ্ঠানসমূহে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট অধিদপ্তর- সংস্থা- দপ্তর প্রধানগণ তাদের অধিক্ষেত্রাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা দেবেন; | চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক- ১ ও ২, কারিগরি, মাদ্রাসা, কলেজ), মহাপরিচালক (মা.উ.শি. অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর), সকল শিক্ষা বোর্ড এবং সকল প্রতিষ্ঠান প্রধান |
| | সকল পাবলিক- প্রাইভেট বিশ্ববিদ্যালয় স্ব স্ব ব্যবস্থাপনায় তাদের প্রতিষ্ঠানে জাতীয় কর্মসূচির আলোকে কর্মসূচি প্রণয়ন করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ইউ.জি.সি. কর্তৃপক্ষ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; | |
| | শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কর্মসূচি- কার্যক্রম গ্রহণ ও পালন করছে কিনা তা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমুহের নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহ মনিটরিং করবে; | |
| ২.৫ | জেলা ও উপজেলা পর্যায়ে দিবসটি যথাযোগ্য মর্যাদার সংগে পালনের জন্য আয়োজিত সকল অনুষ্ঠানে জেলা- উপজেলায় কর্মরত শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে সংশ্লিষ্ট অধিদপ্তর- সংস্থা- দপ্তরসমূহ প্রয়োজনীয় নিদের্শনা প্রদান করবে; | চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক- ১, কারিগরি, মাদ্রাসা, কলেজ), মহাপরিচালক (মা.উ.শি. অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর) |

৩.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৪.০৮.১৬
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব
শিক্ষা মন্ত্রণালয়

নং- ৩৭.০০.০০০০.০৬৫.২৩.০৬৬.১৬- ৪০৩

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৩ / ০৪ আগস্ট, ২০১৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন, প্রশাসন ও অর্থ, বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক- ১ ও ২, কারিগরি, অডিট ও আইন, মাদরাসা, কলেজ), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৬. চেয়ারম্যান, এন.টি.আর.সি.এ., নায়েম ক্যাম্পাস, ঢাকা।
৭. যুগ্মসচিব (প্রশাসন, বাজেট), যুগ্মপ্রধান (পরিকল্পনা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা।
১০. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইন্‌স্টিটিউট, ঢাকা
১১.চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ও সভাপতি, আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় সাব- কমিটি।
১২. চেয়ারম্যান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩.চেয়ারম্যান, এন.সি.টি.বি., মতিঝিল, ঢাকা।
১৪. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৫. পরিচালক, ব্যানবেইস, পলশী- নীলক্ষেত, ঢাকা।
১৬. সচিব, বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশন, পলশী- নীলক্ষেত, ঢাকা।
১৭. পরিচালক, ডি.আই.এ., ঢাকা।
১৮. পরিচালক, নেকটার, বগুড়া।
১৯. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্‌স্টিটিউট (বি.এম.টি.টি.আই.), বোর্ড বাজার, গাজীপুর।
২০. সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, পলাশী- নীলক্ষেত, ঢাকা।
২১. সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক- কর্মচারী কল্যাণ ট্রাস্ট, পলাশী- নীলক্ষেত, ঢাকা।

০৪.৮.২০১৬

(মো: আখতারউজ- জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৭০৯৭।
ই মেইল-: sas_s4@moedu.gov.bd